

যুগান্তর

প্রিন্ট: ০৯ মার্চ ২০২৫, ১২:৪৫ পিএম

শিক্ষাঙ্গন

ঢাবির ভর্তি পরীক্ষায় ৯০ শতাংশই ফেল



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ০৬ মার্চ ২০২৫, ১১:০০ পিএম



ফাইল ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষের 'কলা, আইন ও সামাজিক বিজ্ঞান

করেছেন।

বৃহস্পতিবার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের অ্যাডমিশন ওয়েবসাইটে ফলাফল প্রকাশ করা হয়। বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দফতর থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়।

এ বছর মানবিকের ১৭০৭ আসন, বিজ্ঞানের ৯৪৪ আসন, এবং ব্যবসায় শিক্ষার ২৮৩ আসন নিয়ে কলা আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিটের ২ হাজার ৯৩৪ আসনের বিপরীতে ১ লাখ ১৪ হাজার ৯০৪ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে। পরীক্ষায় পাশ শিক্ষার্থীর সংখ্যা ১১হাজার ৩১০ জন। এর মধ্যে মানবিকে ৫৭১৪ জন, বিজ্ঞানে ৪৮৫৭ জন এবং ব্যবসায় শিক্ষার ৭৩৯ জন পাশ করেছেন। পাসের হার ৯.৮৫%।

কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট ভর্তি পরীক্ষায় অংশ নেওয়া সব শিক্ষার্থী তার উচ্চমাধ্যমিক পরীক্ষার রোল নম্বর, বোর্ডের নাম, পাশের সন এবং মাধ্যমিক পরীক্ষার রোল নম্বর এর মাধ্যমে ভর্তির ওয়েবসাইট থেকে পরীক্ষার ফলাফল জানতে পারবেন।

ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ বিভিন্ন কোটায় আবেদনকারীদের ১৩ এপ্রিল থেকে ১৭ এপ্রিলের মধ্যে সংশ্লিষ্ট কোটার ফরম কলা অনুষদের ডিন অফিস হতে সংগ্রহ করতে হবে এবং যথাযথভাবে পূরণ করে উক্ত সময়ের মধ্যে ডিন অফিসে জমা দিতে হবে।

ফলাফল নিরীক্ষণের জন্য ফি প্রদান সাপেক্ষে আগামী ০৯ মার্চ থেকে ১৩ মার্চ পর্যন্ত কলা অনুষদের ডিন অফিসে আবেদন করা যাবে।



